



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

আগামীকাল ইসলামিক ফাউন্ডেশনের সাথে রিলিজিয়াস রিপোর্টার্স ফোরামের মতবিনিময় সভা

ঢাকা, রবিবার, ২১ জানুয়ারি ২০১৭।

ধর্ম মন্ত্রণালয় ও ধর্মভিত্তিক দলগুলোকে নিয়ে কাজ করা রিপোর্টারদের সংগঠন রিলিজিয়াস রিপোর্টার্স ফোরামের সাথে আগামীকাল (২২ জানুয়ারি, ২০১৭) ইসলামিক ফাউন্ডেশনের এক মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। উক্ত মতবিনিময় সভায় ইসলামের প্রচার ও প্রসারে ইসলামিক ফাউন্ডেশনের ভূমিকা, বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় দ্বীনী শিক্ষা ও দাওয়াতের ভূমিকা, সন্ত্রাস ও জঙ্গিবাদ, ইসলামিক ফাউন্ডেশনের অগ্রগতি, ভবিষ্যত কর্মপরিকল্পনা ও ইসলামের প্রচার প্রসারে গণমাধ্যমের ভূমিকাসহ সমকালীন বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হবে। আগামীকাল দুপুর ১২ টায় ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মুকাররমস্থ সভাকক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। সভায় সভাপতিত্ব করবেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল। মতবিনিময় সভায় রিলিজিয়াস রিপোর্টার্স ফোরামের নেতৃবৃন্দসহ ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকবেন।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬